# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## আব্দু মানাফ, হাশেম ও আব্দুল মুত্ত্বালিব (عبد مناف، هاشم وعبد المطلب)

কুছাই-পুত্র আব্দু মানাফের প্রকৃত নাম ছিল মুগীরাহ। তাঁর ৪টি পুত্র সন্তান ছিল : হাশেম, প্রকৃত নাম আমর। আব্দু শাম্স, মুত্ত্বালিব ও নওফাল। হাশেম ও মুত্ত্বালিবকে সৌন্দর্যের কারণে ‘দুই পূর্ণচন্দ্র’ (الْبَدْرَانِ) বলা হ’ত (ইবনুল আছীর)। হাশেমের ৪ পুত্র ছিল : আব্দুল মুত্ত্বালিব, আসাদ, আবু ছায়ফী ও নাযলাহ। আব্দুল মুত্ত্বালিবের ছিল ১০টি পুত্র ও ৬টি কন্যা। পুত্রগণের মধ্যে আববাস, হামযাহ, আব্দুল্লাহ, আবু ত্বালিব, যুবায়ের, হারেছ, হাজলা, মুক্বাউভিম, যেরার ও আবু লাহাব। কন্যাদের মধ্যে ছাফিয়া, বায়যা, আতেকাহ, উমাইমাহ, আরওয়া ও বার্রাহ’। ভাষ্যকার সুহায়লী বলেন, যুবায়ের ছিলেন রাসূল (ছাঃ)-এর বড় চাচা। তাঁর ছেলে আব্দুল্লাহ ছাহাবী ছিলেন। তাঁর সমর্থনেই নবুঅত লাভের ২০ বছর পূর্বে ‘হিলফুল ফুযূল’ প্রতিষ্ঠা লাভ করে’ (ইবনু হিশাম ১/১০৬-০৮, ১/১৩৩ টীকা-১)। তবে ইবনু ইসহাক বলেন, স্বপ্নে আদেশ প্রাপ্ত হয়ে যমযম কূপ খননের সময় আব্দুল মুত্ত্বালিবের সাথে তাঁর পুত্র হারেছ ছিলেন। কারণ তিনি ব্যতীত তখন তাঁর অন্য কোন পুত্র সন্তান ছিল না’ (ইবনু হিশাম ১/১৪৩)। এতে বুঝা যায় যে, হারেছ-ই আব্দুল মুত্ত্বালিবের প্রথম পুত্র ছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5170

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন